



বাংলাদেশ কৃষি ব্যাংক
মুখ্য আঞ্চলিক কার্যালয়
হবিগঞ্জ

ফোন: ০২-৯৯৬৬০৬৪২৭

Email: crmhagboni@krishibank.org.bd

সূত্র নং-মুআকা(হবি)/২০২৩-২০২৪/ ১৩০২

তারিখ ০৮/০১/২০২৪ খ্রিঃ

২য় প্রান্তিকের (অক্টোবর/২০২৩-ডিসেম্বর/২০২৩) শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতি	জনাব সোহরাব জাকির, মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক (সভাপতি, বিকেবি শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি, হবিগঞ্জ মুখ্য অঞ্চল)
তারিখ ও সময়	০৮/০১/২০২৪ খ্রিঃ, সময় বিকালঃ ০৪.০০ ঘটিকা
স্থান	মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক মহোদয়ের অফিস কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট- ক





০১। সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্য ও ভারূয়ালী সংযুক্ত অত্র অঞ্চলাধীন সকল শাখার শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সদস্য কে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। আঞ্চলিক শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সদস্য সচিবের সঞ্চালনায় কমিটির সকল সদস্য ও শাখা ব্যবস্থাপকগণ বক্তব্য প্রদান করেন। তাদের বক্তব্যে অত্র ব্যাংকের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি আলোচনা করা হয় এবং সে অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জনের উপর গুরুত্বারোপ করা হয়।

০২। সভায় আঞ্চলিক শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভাপতি ও আঞ্চলিক ব্যবস্থাপক মহোদয় তার বক্তব্যে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ বাস্তবায়নের প্রতি গুরুত্বারোপ করেন। সভায় আরও আলোচনা করা হয় যে, ব্যক্তি-পর্যায়ে শুদ্ধাচার হলে কর্তব্য নিষ্ঠা ও সততা। উক্ত সভায় আর্থিক খাতের অপরিহার্য অংশ হিসেবে ব্যাংকিং সেক্টরের সুশাসন নিশ্চিত করলে শুদ্ধাচার ও নৈতিকতা প্রতিষ্ঠার বিকল্প নেই বলেও অভিমত ব্যক্ত করা হয়।

০৩। আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়ঃ

- নিজ নিজ কার্যালয় সহ শাখা সমূহে শুদ্ধাচার প্রতিষ্ঠার অন্তরায় সমূহ চিহ্নিত করা এবং তা দূরীকরণের কর্মপরিকল্পনা গ্রহণ করা।
- ব্যাংকের ভাবমূর্তি খুল্ন হয় এমন কাজ হতে বিরত থাকা ও বিগত প্রান্তিকের সিদ্ধান্তসমূহ পরিপালন অব্যাহত রাখার পরামর্শ দেওয়া হয়।
- গ্রাহক গণের মধ্য হতে কোনো অভিযোগ পাওয়া গেলে দ্রুততার ও বুদ্ধিমত্তার সাথে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পরামর্শ দেওয়া হয়।
- ঋণ আদায়, ঋণ বিতরণ, আমানত সংগ্রহ ও ক্যাম্প আয়োজনের মাধ্যমে ব্যাংকের লক্ষ্য অর্জনের শাখা সমূহকে নির্দেশ দেয়া হয়।
- কোন কর্মকর্তা কোন অনৈতিক কাজে নিজেকে সশঙ্কিত করলে তৎক্ষণাৎ যথাযথ ব্যবস্থা গ্রহণ ও যথাযথ শাস্তির সুপারিশ এর সিদ্ধান্ত গ্রহণ করা।
- অত্র কার্যালয়সহ সকল শাখায় অভিযোগ বাক্স সংরক্ষণ করা ও প্রতিমাসে অভিযোগ পরিলক্ষিত হলে তার তৎক্ষণাৎ ব্যবস্থা গ্রহণের পরামর্শ দেয়া হয়।

০৪। শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির উপরোক্ত সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করার জন্য অনুরোধ করা হয় এবং সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

 (নওশাদ উল্লাহ খান) সদস্য সচিব শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি ও উঃ কর্মকর্তা মুখ্য আঞ্চলিক কার্যালয়, হবিগঞ্জ।	 (মোঃ তারেক হোসেন খান) ফোকাল পয়েন্ট কর্মকর্তা শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি ও কর্মকর্তা মুখ্য আঞ্চলিক কার্যালয়, হবিগঞ্জ।	 (মুহাম্মদ কামরুল হাসান) সদস্য শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি ও কর্মকর্তা মুখ্য আঞ্চলিক কার্যালয়, হবিগঞ্জ।	 (সোহরাব জাকির) সভাপতি শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি ও মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক মুখ্য আঞ্চলিক কার্যালয়, হবিগঞ্জ।
--	---	--	--

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরিত হলোঃ

- স্টাফ অফিসার মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়, সিলেট।
- উপমহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রক ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, হবিগঞ্জ।
- সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি, হবিগঞ্জ অঞ্চল।